



জলের সঙ্গে সংযোজন বিক্রিয়া করতে পারে না। সেজন্য  $[\text{Hg}^{2+}]$ -এর উপস্থিতি প্রয়োজন। এই বিক্রিয়ায়  $[\text{Hg}^{2+}]$  অনুঘটক হিসেবে কাজ করে—



#### 12.3.4 হ্যালোজেন সংযোজন :

কোন অ্যালকিনের সঙ্গে হ্যালোজেনের সংযোজন বিক্রিয়ায় 1,2-ডাই হ্যালো যৌগ গঠিত হয়। এই সংযোজন নিশ্চিত রূপে একটি ট্রান্স সংযোজন বিক্রিয়া এবং ইহা নন-ক্লাসিক্যাল (Non-Classical) হ্যালেনিয়াম আয়ন গঠনের মধ্যে দিয়ে সংঘটিত হয়।



$\text{Br}_2$  ও  $\text{Cl}_2$  এই বিক্রিয়া ঘটাতেও  $\text{F}_2$ -এর সঙ্গে বিক্রিয়ায় বিস্ফোরণের সম্ভাবনা থাকে, আবার  $\text{I}_2$ -এর সঙ্গে এই বিক্রিয়া পশ্চাত্মুখী অর্থাৎ 1,2-ডাই-আয়োডোঅ্যালকেন থেকে  $\text{I}_2$  বিমুক্ত হয়ে অ্যালকিন গঠিত হয়। এখানে  $\text{CCl}_4$  নিষ্ক্রিয় দ্রাবক। এই বিক্রিয়াটি সাধারণ তাপমাত্রায় ঘটে।

পর্যায় (1)-এর একক (4) ও (5)-এর ব্রোমিনের সঙ্গে অ্যালকিন ও অ্যালকাইনের যুত যৌগ গঠন দেখান হয়েছে। আপনি জেনেছেন যে এটি ট্রান্স সংযোজন বিক্রিয়া। এখানে কয়েকটি উদাহরণ দিয়ে বিক্রিয়াটি উল্লেখ করবো।

